

আইসিটি শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	
ডায়েরী নং	৫৯৭৪ অতীব জরুরি
তারিখঃ	২৩/১০/১৯
অতিরিক্ত ডিআইজি (অসিবি)	৬০
অতিরিক্ত এসপি (আইসিটি)	
১৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ	

স্মারক নং- ইউএন অ্যাফেয়ার্স/৫৩-২০১৩/২২৬২

তারিখ:- ২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: জাতিসংঘ বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে কাউন্সেলর পদে নিয়োগের পুনঃ বিজ্ঞপ্তি

সূত্র: জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.১৯.০০১.১৯.১৫৮৪, তারিখ-০৬ অক্টোবর ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জাতিসংঘ বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে কাউন্সেলর পদে বিসিএস (পুলিশ) ক্যাডারের একজন কর্মকর্তা নিয়োগের জন্য সংযুক্ত "আবেদন ফরম" অনুযায়ী যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে স্ব-স্ব কার্যালয়ের মাধ্যমে ০১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবিসহ দরখাস্ত আহ্বান করা হয়েছে (কপি সংযুক্ত)।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
১।	কাউন্সেলর জাতিসংঘ বাংলাদেশ স্থায়ী মিশন নিউইয়র্ক	০১ টি	জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত ও ন্যূনতম ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন	(১) বাংলাদেশ পুলিশের পক্ষে জাতিসংঘ সদর দপ্তরে DPO (Department of Peace Operations) এর সাথে যোগাযোগ পূর্বক সঠিক সময়ে FPU (Formed Police Unit) ও UNPOL (United Nations Police) এর Rotation কার্য সম্পাদন (২) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যাতে অধিক সংখ্যক FPU প্রেরণ করা যায় সেজন্য এর সাথে যোগাযোগ/Liaison করা। (৩) বাংলাদেশ পুলিশের পক্ষে জাতিসংঘ সদর দপ্তরে DPO এর সাথে যোগাযোগ পূর্বক বাংলাদেশ পুলিশ কন্টিনজেন্টের MOU/MOU Amendment/স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে Liaison করা। (৪) জাতিসংঘ কর্তৃক পরিচালিত Peacekeeping সংশ্লিষ্ট বিভিন্ন প্রশিক্ষণে বাংলাদেশ পুলিশের অধিক সংখ্যক সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। (৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হয়ে পুলিশের স্বার্থ সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করা।

২। নিম্নবর্ণিত কারণে যে কোন প্রার্থী অযোগ্য বিবেচিত হবেন-

- যে সকল কর্মকর্তার সরকারি চাকরির মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ ০৪ (চার) বছরের কম রয়েছে;
- যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে বিদেশে বাংলাদেশ মিশনে একবার চাকরি করেছেন, কিন্তু চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের পর ০৩ (তিন) বছর অতিক্রান্ত হয়নি। এছাড়া, বিদেশে বাংলাদেশ মিশনে সম পদমর্যাদার পদে যারা চাকরি করেছেন, তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;
- ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জনগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান-সংখ্যা ০২ (দুই) এর অধিক;
- নির্ধারিত সময়ের পর অথবা সরাসরি আবেদন পত্র প্রেরণ করা হলে।

৩। আগ্রহী ৫ম গ্রেডের পুলিশ কর্মকর্তাদের নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে-

- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে আইপিও হিসেবে/এফপিইউ মিশনে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে জাতিসংঘ সদর দপ্তর বা জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রফেশনাল লেভেলে কাজ করার অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে;
- ইংরেজি ভাষায় আন্তঃব্যক্তিক যোগাযোগ (Interpersonal Communication Skill) এবং দাপ্তরিক কার্যক্রম পরিচালনা (Official Communication) সহ অনর্গলভাবে বলা ও লেখার দক্ষতা থাকতে হবে। তবে French Language-এ দক্ষতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে;
- কম্পিউটার চালনা এবং মাইক্রোসফট অফিস-এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদি, ই-মেইল যোগাযোগ ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা সম্পন্ন হতে হবে;
- অফিস সরঞ্জামাদি, ফটোকপিয়ার, ফ্যাক্স, ডিজিটাল সেন্ডার ইত্যাদি অফিস ইকুইপমেন্ট চালনা জানতে হবে;
- জাতিসংঘের সাংগঠনিক কার্টামো (বিশেষ করে Department of Peace Operations ও Police Division, UNHQ সম্পর্কে) এবং জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রম সংক্রান্তে ধারণা থাকতে হবে;
- জাতিসংঘের সাথে কার্যক্রম পরিচালনা ও যোগাযোগের লক্ষ্যে United Nations Core Values, Competencies এবং কূটনৈতিক শিষ্টাচার সংক্রান্তে ধারণা থাকতে হবে।

এমতাবস্থায়, জাতিসংঘ বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে কাউন্সেলর পদে বিসিএস (পুলিশ) ক্যাডারের একজন কর্মকর্তা নিয়োগের জন্য উপর্যুক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে আগ্রহী ৫ম গ্রেডের পুলিশ কর্মকর্তাগণের নিকট হতে নির্ধারিত "আবেদন ফরম" ও সকল সত্যায়িত সনদপত্রের কপিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আগামী ২৭/১০/২০১৯ পুনঃ ২৭/১০/২০১৯ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। উপর্যুক্ত কর্মকর্তা পাওয়া না গেলে শূন্য প্রতিবেদন প্রেরণের জন্যও আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। ২৭/১০/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

সংযুক্তিঃ ০৪ পাতা।

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)

বিপি-৭৮০৩০২৭৮১৬

এআইজি (ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

ফোন- ৯৫৬১৭৩০

- প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
- মহাপরিচালক, র‍্যাভ, র‍্যাভ ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা

